

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
তথ্য ভবন
১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০।
www.dfp.gov.bd

নং-১৫.৫৭.০০০০.০০১.২০.০০১.২০(অংশ-২).৪০৯৯


তারিখ: ১১ শ্রাবণ, ১৪২৭
২৬ জুলাই, ২০২০

সভার বিজ্ঞপ্তি

এ অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর বাস্তবায়ন সংক্রান্ত এপিএ টিমের ১ম সভা পরিচালক (প্রশাসন ও প্রকাশনা) ও এপিএ টিম লিডার মহোদয়ের সভাপতিত্বে তাঁর কক্ষে আগামী ২৭ জুলাই, ২০২০ রোজ সোমবার বেলা ৩:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচি:

- ১। ২০২০-২০২১ অর্থবছরের এপিএ'র খসড়া প্রণয়ন।
- ২। ২০১৯-২০২০ অর্থবছরের এপিএ অর্জন ও মূল্যায়ন।
- ৩। বিবিধ।


সেলিনা আকতার
উপপরিচালক (প্রশাসন)
ও
ফোকাল পয়েন্ট
এপিএ কমিটি
ফোন: ০২-৯৩৩২২৭৬।

বিতরণ (কার্যার্থে ও জ্ঞাতার্থে):

- ০১। জনাব স.ম. গোলাম কিবরিয়া, পরিচালক (প্রশাসন ও প্রকাশনা) ও টিম লিডার, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০২। জনাব সেলিনা আকতার, উপপরিচালক (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০৩। জনাব ডায়ানা ইসলাম সিমা, উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা) ও সদস্য, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০৪। জনাব মোহাম্মদ সায়েম হোসেন, সহকারী পরিচালক (প্রশাসন) ও সদস্য, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০৫। জনাব মো. আব্দুছ হালেক বসুনিয়া, উচ্চমান সহকারী ও সদস্য, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০৬। জনাব মো. জাকির হোসেন, উচ্চমান সহকারী ও সদস্য, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০৭। জনাব আল মামুন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও সদস্য, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০৮। মো. ফারুক হোসেন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও সদস্য, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০৯। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ডিএফপি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। ওয়েবসাইট/ অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
তথ্য ভবন
১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০।
www.dfp.gov.bd

২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের ১ম সভার কার্যবিবরণী

সভার তারিখ	:	২৭ জুলাই, ২০২০ খ্রি.
সময়	:	বেলা ৩:০০ ঘটিকা
সভার স্থান	:	পরিচালক (প্রশাসন ও প্রকাশনা) মহোদয়ের অফিস কক্ষ।
সভাপতি	:	জনাব স. ম. গোলাম কিবরিয়া (প্রশাসন ও প্রকাশনা) ও টিম লিডার, এপিএ টিম, ডিএফপি, ঢাকা।

১.০ সভায় উপস্থিত সকলের তালিকা পরিশিষ্ট 'ক'।

২.০ সভাপতি সভায় আগত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান, স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের জন্য কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তন করা হয়। তিনি আরও জানান, পূর্ববর্তী বছরসমূহে মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ০৩টি পৃথক নির্দেশিকা জারি করা হলেও এ বছর মন্ত্রণালয়/বিভাগ হতে উপজেলা পর্যায় পর্যন্ত সকল সরকারি অফিসের জন্য একটি সমন্বিত নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে। উক্ত নির্দেশিকায় বর্ণিত এপিএ ক্যালেন্ডারে ২০২০-২০২১ অর্থবছরের এপিএ'র চূড়ান্ত খসড়া আগামী ৩০ জুলাই ২০২০ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে।

৩.০ এ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রস্তুতের নিমিত্ত প্রতিটি শাখার ২০২০-২০২১ অর্থবছরের বাস্তবায়িতব্য উল্লেখযোগ্য কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা প্রেরণের জন্য অনুরোধ করা হয়। প্রতিটি শাখা হতে প্রাপ্ত তথ্য যাচাই-বাছাই শেষে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রণীত নির্দেশিকার আলোকে এপিএ টিম কর্তৃক এ অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থবছরের খসড়া এপিএ প্রস্তুত করা হয়েছে। যাতে সরকারের রূপকল্প ২০২১, টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০, পঞ্চবার্ষিক পরিকল্পনা, সরকারের নির্বাচনী ইশতেহার- ২০১৮, প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, বাজেট বরাদ্দ ইত্যাদি বিষয়ের মধ্যে সমন্বয় করে খসড়া এপিএ-তে বিভিন্ন কার্যক্রম, কর্মসম্পাদন সূচক, কর্মসম্পাদন সূচকের মান এবং লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

৪.০ এ অধিদপ্তরের এপিএ টিমের সম্মানিত সদস্যগণ সভায় অংশ নিয়ে বলেন, প্রস্তুতকৃত খসড়া এপিএ-তে বর্ণিত কার্যক্রম এবং কর্মসম্পাদন সূচকসমূহ সময়ের বিবেচনায় যথেষ্ট যৌক্তিক হয়েছে। যা বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে বাস্তবায়নযোগ্য বলে মনে হয়। নিম্নে এ অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থবছরের জন্য চূড়ান্তকৃত কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা উল্লেখ করা হলো:

৫.০ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(৫.১) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত নীতিমালা এবং পরিপত্র অনুযায়ী সরকারের রূপকল্প ২০২১, এসডিজি, পঞ্চবার্ষিকী পরিকল্পনা, সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮, বাজেট বরাদ্দ ইত্যাদি বিষয়ের মধ্যে সমন্বয় করে প্রস্তুতকৃত খসড়া এপিএ চূড়ান্ত করা হলো।

(৫.২) ২০২১-২০২১ অর্থবছরের চূড়ান্ত খসড়া এপিএ ৩০ জুলাই, ২০২০ তারিখে মধ্যে সচিব, তথ্য মন্ত্রণালয়ের সাথে মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানের জন্য এপিএ টিম প্রধান প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

(৫.৩) এপিএ-তে বর্ণিত কার্যক্রমসমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট শাখা প্রধানগণ সচেতন থাকবেন।

(৫.৪) এ অধিদপ্তরের ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত মূল্যায়ন নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।

(৫.৫) এপিএ টিমের প্রধান, নিয়মিত সভা করে এপিএ লক্ষ্যমাত্রা অর্জনে সচেতন থাকবেন।

৬.০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত/-)

২৭/০৭/২০২০

স. ম. গোলাম কিবরিয়া
পরিচালক (প্রশাসন ও প্রকাশনা)

ও


এপিএ টিম লিডার।

নং-১৫.৫৭.০০০০.০০১.২০.০০১.২০(অংশ-২).৪১১৭

তারিখ: ১২ শ্রাবণ, ১৪২৭
২৭ জুলাই, ২০২০

বিতরণ (কার্যার্থে ও জ্ঞাতার্থে):

- ০১। জনাব স. ম. গোলাম কিবরিয়া, পরিচালক (প্রশাসন ও প্রকাশনা) ও টিম লিডার, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০২। জনাব সেলিনা আকতার, উপপরিচালক (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০৩। জনাব ডায়ানা ইসলাম সিমা, উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা) ও সদস্য, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০৪। জনাব মোহাম্মদ সায়েম হোসেন, সহকারী পরিচালক (প্রশাসন) ও সদস্য, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০৫। জনাব মো. আব্দুছ ছালেব বসুনীয়া, উচ্চমান সহকারী ও সদস্য, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০৬। জনাব মো. জাকির হোসেন, উচ্চমান সহকারী ও সদস্য, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০৭। জনাব আল মামুন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও সদস্য, এপিএ কমিটি, ডিএফপি, ঢাকা।
- ০৮। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ডিএফপি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৯। ওয়েবসাইট/ অফিস কপি।


২৭/০৭/২০২০

সেলিনা আকতার
উপপরিচালক (প্রশাসন)

ও

এপিএ ফোকাল পয়েন্ট।